

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

নাটোর শাখা, নাটোর

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ১। মেসার্স মেহেদী ট্রেডার্স প্রো: জনাব মোঃ রফিকুল হাসান, ব্যবসায়িক ঠিকানা: মল্লিকহাটি, নাটোর সদর, নাটোর, ২। জনাব মোঃ রফিকুল হাসান পিতা: মৃত হারুন-অর-রসিদ, মাতা: রোকেয়া বেগম, ব্যবসায়িক ঠিকানা: মেসার্স মেহেদী ট্রেডার্স, মল্লিকহাটি, নাটোর সদর, নাটোর, বর্তমান ঠিকানা: মল্লিকহাটি, নাটোর সদর, নাটোর, স্থায়ী ঠিকানা: মল্লিকহাটি, নাটোর সদর, নাটোর এবং ৩। মোছা: মাজেদা বেগম(গ্যারান্টর), স্বামী: মো: ইয়াছিন, বর্তমান ঠিকানা: ফোজদারীপাড়া, পোস্ট+থানা+জেলা: নাটোর, স্থায়ী ঠিকানা: ফোজদারীপাড়া, পোস্ট+থানা+জেলা: নাটোর কর্তৃক ইউসিবি নাটোর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৯/২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,৪৬,৮৬,৩৫৩.৯৮ (এক কোটি ছেচল্লিশ লক্ষ ছিয়াশি হাজার তিনশত তিপান্ন টাকা আটানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। জেলা-নাটোর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- নাটোর, মৌজা-মল্লিকহাটি, জে,এল নং-সাবেক-২০৩,হাল-১৪৫, খতিয়ান নং- এস.এ.- ৪১, আর.এস.- ২০৭, প্রস্তাবিত- ২৯৪, দাগ নং- এস.এ.-২৯৬, আর.এস.- ২৬১৪, জমির পরিমাণ- ৪.৭৮ শতাংশ ও তিল তলা বাড়ি।

২। জেলা-নাটোর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- নাটোর, মৌজা- মল্লিকহাটি, জে,এল নং-সাবেক-২০৩,হাল-১৪৫, খতিয়ান নং- এস.এ.- ৪১, আর.এস.-২০৭, প্রস্তাবিত- ২০৭/১, দাগ নং- এস.এ.-২৯৬, আর.এস.- ২৬১৪, জমির পরিমাণ- (৪.৭৮-৩.০০)=১.৭৮ শতাংশ ও চার তলা বাড়ি।

৩। জেলা-নাটোর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- নাটোর, মৌজা- নাটোর, জে,এল নং-সাবেক-২০৪,হাল-১৫১, খতিয়ান নং- এস.এ.- ১৫৩৪, আর.এস.- ৫৩৯, প্রস্তাবিত- ৮৮৯৩, দাগ নং- এস.এ.-১৬৬৯, আর.এস.- ১৯৩০, জমির পরিমাণ- ৫.২২ শতাংশ ও বাড়ী।

নিলামের শর্তাবলী

১। আগামী ১৯.১১.২০১৯ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ নাটোর শাখায়, রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ নাটোর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহিত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহিত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহিত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারবেন।

৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নাটোর শাখা, নাটোর